



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়
দিঘলিয়া, খুলনা।

স্মারক নং : ৩৩.০১.৪৭৪০.০০০.০২.০০২.২৩.৭০৭

তারিখ : ১৫/১০/২০২৩ খ্রিঃ

” বিজ্ঞপ্তি ”

প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় “কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণ ও জ্ঞান স্থানান্তর প্রযুক্তি বাস্তবায়ন প্রকল্প (৩য় পর্যায়, ২য় সংশোধিত)” এর আওতায় দিঘলিয়া ও আড়ংঘাটা ইউনিয়নে এ.আই. টেকনিশিয়ান নির্বাচনের লক্ষ্যে নিম্নলিখিত শর্তপূরণ করে এমন প্রার্থীদের নিকট দরখাস্ত আহ্বান করা হলো। অত্রহীদের আগামী ২৯/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে চাহিদা তথ্যাদিসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী :

- ১। সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা, ন্যূনতম এসএসসি বা সমমান পাশ, কর্মঠ, উদ্যোগী এবং নেতৃত্বের গুণাবলী সম্পন্ন, এলাকায় সুপরিচিত বেকার যুবক/ যুব মহিলা হতে হবে।
- ২। বয়স ২০-৪০ এর মধ্যে হতে হবে। প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন সমাপ্ত উন্নয়ন প্রকল্প সমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দিতে হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- ৩। আবেদনকারীর যোগ্যতা (ডিপিপি'র ১৪ নং পাতা অনুযায়ী) :

ক)	এসএসসি পাশ বা সমমান (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার)
খ)	যে ইউনিয়নে পয়েন্ট স্থাপিত হবে সেই ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
গ)	উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
ঘ)	কৃত্রিম প্রজনন কাজের প্রতি আগ্রহী ও পরিশ্রমী বেকার যুবক

- ৪। আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :

ক)	শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ পত্র।
খ)	নাগরিকত্ব সনদপত্র (ইউ.পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)
গ)	চারিত্রিক সনদপত্র (গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)
ঘ)	০২ (দুই) কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবি (হালনাগাদ তোলা ছবি)
ঙ)	অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ পত্র।
চ)	বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি সার্টিফিকেট গ্রহণযোগ্য।

- ৫। প্রশিক্ষণের জন্য নির্বাচিত স্বেচ্ছাসেবীদের সাভার/রাজশাহী এ.আই ল্যাবরেটরীতে ০৪ মাস এবং নিজ নিজ উপজেলা প্রাণিসম্পদ অফিসে হাতে কলমে ০২ মাস সহ মোট ০৬ মাস প্রশিক্ষণ দেওয়া হবে।

- ৬। যে সকল প্রশিক্ষার্থীগণকে সাভার কেন্দ্রে প্রশিক্ষণ দেয়া হবে তাদের প্রশিক্ষণকালীন সময়ে কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামারে অবস্থিত এআই হোস্টেলে অবস্থান বাধ্যতামূলক। রাজশাহী কেন্দ্রে সরকারী সিদ্ধান্ত মোতাবেক আবাসনের ব্যবস্থা করা হবে।

- ৭। ছয় মাসের প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্তকারীগণকে সনদপত্র প্রদান করা হবে এবং ইউনিয়ন পর্যায়ে কৃত্রিম প্রজনন টেকনিশিয়ান (স্বেচ্ছাসেবী) হিসেবে চূড়ান্তভাবে নির্বাচন করে প্রজনন কাজের যাবতীয় সুযোগ সুবিধাসহ (পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর এর অধীনে ন্যাস্ত করার মাধ্যমে) নিজ নিজ ইউনিয়ন পয়েন্টে কাজের অনুমতি দেয়া হবে।

- ৮। কাজের অনুমতিপ্রাপ্তগণ সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং উপপরিচালক (কৃত্রিম প্রজনন) এর নির্দেশনা মোতাবেক কাজ করবেন।

- ৯। পয়েন্টের কার্যক্রম চালু হলে নিয়মিতভাবে সরকারের নির্ধারিত ফি ও প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে হবে এবং এ ব্যাপারে স্বেচ্ছাসেবীর সাথে একটি চুক্তিনামা সম্পাদন করতে হবে।

১৫/১০/২৩

(ডাঃ মোঃ ফজলুল করিম)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

দিঘলিয়া, খুলনা।

মোবাইলঃ ০১৭২২-২৬৮১০৯

Email: ulodighalia@gmail.com